গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ- ১
আইসিটি শাখা
www.mohpw.gov.bd

সামাজিক ক্রয় ক্যাটাগরির আওতায় সরবরাহকারী/ সেবা প্রদানকারী তালিকাভুক্তিকরণ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০২৬-২৭ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী পিপিআর, ২০২৫ -এর বিধি ৮০(১)(ঘ) মোতাবেক সামাজিক ক্রয় ক্যাটাগরি'-র আওতায় সংরক্ষিত মোট ১২টি প্যাকেজভুক্ত পণ্য ও সেবা (পণ্য-৭টি: কম্পিউটার সামগ্রী, স্ট্যাম্প ও সিল, প্রকাশনা, পোশাক, কম্পিউটার ও আনুষঙ্গিক, অফিস সরঞ্জামাদি, অফিস আসবাবপত্র; এবং ভৌত সেবা-৫টি: কম্পিউটার মেরামত ও সংরক্ষণ, অফিস সরঞ্জামাদি মেরামত ও সংরক্ষণ, আসবাবপত্র মেরামত ও সংরক্ষণ, মোটরযান মেরামত এবং সফটওয়্যার ও ডাটাবেজ রক্ষণাবেক্ষণ) ই-জিপি'র মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়াকরণের অংশ হিসেবে বাংলাদেশি মালিকানাধীন সরবরাহকারী/ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। বিধি মোতাবেক অতিক্ষুদ্র ও ক্ষুদ্র প্রতিষ্ঠান এবং নতুন উদ্যোক্তা ৫,০০০/- এবং নারী উদ্যোক্তা ৩,০০০/- টাকা পে-অর্ডারের মাধ্যমে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর জমা প্রদান স্বাপেক্ষে ২৩/১১/২০২৬ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হতে ০৬/১২/২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত সময়কালে মুখবন্ধ খামে সহকারী সচিব, প্রশাসন শাখা-৫, ভবন নং-০৫, কক্ষ নং-২০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -এর দপ্তরে রক্ষিত সিলগালাকৃত তালাবদ্ধ বক্সে আবেদন জমা দেয়া যাবে। বিস্তারিত তথ্যসহ পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি এবং নমুনা আবেদন ফরমসহ প্রয়োজনীয় অন্যান্য ফরমসমূহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইট -এর টেন্ডার মেনুতে পাওয়া যাবে (mohpw.gov.bd/pages/tenders)।

২২/১১/২০২৬

(মিহির কান্তি সরকার)
সিস্টেম এনালিস্ট
ও সদস্য-সচিব
তালিকাভুক্তিকরণ কমিটি